

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং: ১১

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১  
১৪ অক্টোবর ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংক কোম্পানির Held for Trading (HFT) ক্যাটাগরিতে ধারণকৃত  
ট্রেজারি বন্ডের Mark-to-Market (MTM) ভিত্তিক পুনঃমূল্যায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ০৪/০৬/২০২৪ তারিখের ডিএমডি সার্কুলার লেটার নং-০৬/২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে আপনাদের নিজস্ব পোর্টফোলিওতে ধারণকৃত ট্রেজারি বন্ডসমূহের Mark-to-Market (MTM) ভিত্তিক পুনঃমূল্যায়নের নিমিত্ত প্রাইমারি মার্কেট yield এর পরিবর্তে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশিত সেকেন্ডারি মার্কেট yield ব্যবহার করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এক্ষেত্রে, আপনাদের ধারণকৃত Floating Rate Treasury Bond (FRTB) এর MTM ভিত্তিক পুনঃমূল্যায়নের ক্ষেত্রে পুনঃমূল্যায়ন দিবসের 91 Days BCR (Bangladesh Compounded Rate) এবং সংশ্লিষ্ট FRTB এর জন্য বাংলাদেশ ব্যাংকের অকশন কমিটি কর্তৃক নির্ধারণকৃত স্প্রেডের সমষ্টিকে উক্ত FRTB এর ঐ দিনের market yield হিসেবে বিবেচনা করতঃ FRTB এর পুনঃমূল্যায়নের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(ইস্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোন: ৯৫৩০১৩১